



## তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪



তারিখঃ ০৯ জুন ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

#### বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব ৪টি গোল্ড ও ৪টি সিলভার মেডেল জয় লাভ করে পদক তালিকার শীর্ষে

সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় এবং বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় “তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪” এর আজ শেষ দিনে ১০টি গোল্ড মেডেল এবং ৬টি ব্রোঞ্জ মেডেল ম্যাচ অনুষ্ঠিত হয়।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন স্পন্সর প্রতিষ্ঠান সিটি গ্রুপের নির্বাহী পরিচালক (বিক্রয় ও বিপণন) জনাব জাফর উদ্দিন সিদ্দিকী। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের সভাপতি লেঃ জেনারেল মোঃ মইনুল ইসলাম (অবঃ), সহ-সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান সিদ্দিকী, প্রতিযোগিতা আয়োজন সাব-কমিটির আহ্বায়ক জনাব রশিদুজ্জামান সেরনিয়াবাত, সদস্য-সচিব জনাব মোঃ কামরুল ইসলাম। সিটি গ্রুপের ব্র্যান্ড ম্যানেজার জনাব রুবায়েয়াত আহমেদ। বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের কর্মকর্তাবৃন্দ, সিটি গ্রুপের কর্মকর্তাবৃন্দ, বিকেএসপি'র কর্মকর্তাবৃন্দ, জাতীয় দল এবং যুব দলের প্রশিক্ষকবৃন্দ ও দলীয় কর্মকর্তাবৃন্দ।

রিকার্ড পুরুষ একক ইভেন্টে মোঃ হাকিম আহমেদ রুবেল (বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব) ৬-০ সেটে মোঃ শাকিব মোল্লা (বাংলাদেশ আনসার) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করেন।

রিকার্ড মহিলা একক ইভেন্টে দিয়া সিদ্দিকী (বাংলাদেশ আনসার) ৬-২ সেটে জ্যোতি মনি চাকমা (বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করেন।

রিকার্ড পুরুষ দলগত ইভেন্টে বিকেএসপি (মোঃ সাগর ইসলাম, আব্দুর রহমান আলিফ ও মোঃ রাকিব মিয়া) এবং বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব (মোঃ হাকিম আহমেদ রুবেল, মোহাম্মদ তামিমুল ইসলাম ও রাদিন বিন তাগেব) এর মধ্যে প্রথম পর্যায়ে ৪-৪ সেটে ড্র হয়। পরবর্তীতে উভয় দলের প্রত্যেকে ১টি করে তীর ছুড়ে। এতে বিকেএসপি এর স্কোর হয় ২৯ এবং বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব এর স্কোর হয় ২৬। বিকেএসপি ৫-৪ সেটে বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করে। ব্রোঞ্জ মেডেল ম্যাচে বাংলাদেশ আনসার (মোঃ রোমান সানা, মোঃ শাকিব মোল্লা ও প্রদীপ্ত চাকমা) ৬-০ সেটে ওয়াহেদ আরচ্যারী ক্লাব (জয়ন্ত মালি, সশ্রুট ও রহিম হোসেন চৌধুরী) কে পরাজিত করে ব্রোঞ্জ মেডেল জয় লাভ করে।

রিকার্ড মহিলা দলগত ইভেন্টে পুলিশ আরচ্যারী ক্লাব (বিউটি রায়, জোতি মনি চাকমা ও জ্যোতি রানী) ৬-০ সেটে বিকেএসপি (ফামিদা সুলতানা নিশা, মোসাম্মৎ মনিরা আক্তার ও উম্ম্যাচিং মারমা) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করে। ব্রোঞ্জ মেডেল ম্যাচে বাংলাদেশ আনসার (দিয়া সিদ্দিকী, মোসাম্মৎ মনিষা ও শ্রাবনী আক্তার) ৫-১ সেটে তীরন্দাজ সংসদ (মোসাম্মৎ ফারজানা নুসরাত জ্যোতি, সোনালী রায় ও সুমাইয়া আক্তার) কে পরাজিত করে ব্রোঞ্জ মেডেল জয় লাভ করে।

রিকার্ড মিশ্র দলগত ইভেন্টে বাংলাদেশ বিমান বাহিনী (রামকৃষ্ণ সাহা ও সীমা আক্তার শিমু) ৬-০ সেটে নড়াইল জেলা ক্রীড়া সংস্থা (মোসাম্মৎ ইতি খাতুন ও মোঃ আজিমুল হক) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করে। ব্রোঞ্জ মেডেল ম্যাচে বাংলাদেশ আনসার (মোঃ রোমান সানা ও দিয়া সিদ্দিকী) ৫-২ সেটে বিকেএসপি (মোসাম্মৎ মনিরা আক্তার ও মোঃ রাকিব মিয়া) কে পরাজিত করে ব্রোঞ্জ মেডেল জয় লাভ করে।

কম্পাউন্ড পুরুষ একক ইভেন্টে মোহাম্মদ আশিকুজ্জামান (বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব) ১৪৬-১৪৪ স্কোরে নিজ দলের ভানরুফ বম কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করেন।

কম্পাউন্ড মহিলা একক ইভেন্টে বন্যা আক্তার (বাংলাদেশ আনসার) ১৪৫-১৪৩ স্কোরে পুষ্পিতা জামান (বাংলাদেশ বিমান বাহিনী) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করেন।

কম্পাউন্ড পুরুষ দলগত ইভেন্টে বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব (মোহাম্মদ আশিকুজ্জামান, ভানরুফ বম ও রাদিন বিন তালেব) ২২২-২১৯ স্কোরে আর্মি আরচ্যারী ক্লাব (মোঃ সোহেল রানা, মিঠু রহমান ও মোঃ শাহরিয়ার আরিফ) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করে। ব্রোঞ্জ মেডেল ম্যাচে বিকেএসপি ও বিজিবির মধ্যে প্রথম পর্যায়ে ২২৪-২২৪ স্কোরে ড্র হয়। পরবর্তীতে উভয় দলের প্রত্যেকে একটি করে তীর ছুড়ে। এতে উভয় দল পুনরায় ২৮-২৮ স্কোর করে। বিকেএসপি দলের তীর কেন্দ্র বিন্দুর নিকটবর্তী হওয়ায় বিকেএসপি ব্রোঞ্জ মেডেল জয় লাভ করে।

কম্পাউন্ড মহিলা দলগত ইভেন্টে আর্মি আরচ্যারী ক্লাব (সুমিতা বনিক, বিপাশা আক্তার ও যুথী ইসলাম) ২২২-২১৯ স্কোরে বিকেএসপি (মেঘলা রানী, মোসাম্মৎ কুলছুম আক্তার মনি, সুমাইয়া সুলতানা বিথি) কে পরাজিত করে গোল্ড মেডেল জয় লাভ করে। ব্রোঞ্জ মেডেল ম্যাচে বাংলাদেশ আনসার (বন্যা আক্তার, সুমা বিশ্বাস ও উম্মে সলিমা বৃষ্টি) ২১৭-২০৩ স্কোরে তীরন্দাজ সংসদ (জোমা আক্তার, খুরশিদ জাহান ও মোসাম্মৎ উর্মি আক্তার) কে পরাজিত করে ব্রোঞ্জ মেডেল জয় লাভ করে।

কম্পাউন্ড মিশ্র দলগত ইভেন্টে আর্মি আরচ্যারী ক্লাব (মোঃ সোহেল রানা ও সুমিতা বনিক) এবং বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব (মোহাম্মদ আশিকুজ্জামান ও শ্যামলী রায়) এর মধ্যে প্রথম পর্যায়ে ১৪৮-১৪৮ স্কোরে ড্র হয়। পরবর্তীতে উভয় দলের প্রত্যেকে ১টি করে তীর ছুড়ে। এতে আর্মি আরচ্যারী ক্লাবের স্কোর হয় ১৮ এবং বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব এর স্কোর হয় ১৫। আর্মি আরচ্যারী ক্লাব গোল্ড মেডেল জয় লাভ করে। ব্রোঞ্জ মেডেল ম্যাচে বাংলাদেশ আনসার (ঐশ্বর্য রহমান ও বন্যা আক্তার) ১৫৪-১৫৩ স্কোরে বাংলাদেশ বিমান বাহিনী (হিমু বাছাড় ও পুষ্পিতা জামান) কে পরাজিত করে ব্রোঞ্জ মেডেল জয় লাভ করে।

### মেডেল টালি

দলের নাম	গোল্ড	সিলভার	ব্রোঞ্জ	মোট
বাংলাদেশ পুলিশ আরচ্যারী ক্লাব	৪	৪	-	৮
বাংলাদেশ আনসার	২	১	৬	৯
আর্মি আরচ্যারী ক্লাব	২	১	-	৩
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)	১	২	২	৫
বাংলাদেশ বিমান বাহিনী	১	১	২	৪
নড়াইল জেলা ক্রীড়া সংস্থা	-	১	-	১
মোট	১০	১০	১০	৩০

### ছবি এবং ভিডিও ফুটেজ লিঙ্ক সংযুক্ত

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন